[redacted]

[redacted]

১৯৬৭ সালের ১৫ ডিসেম্বর জন্মগ্রহণ করা শেখ শাহাব উদ্দিনের বিধি মোতাবেক আগামী ১৪ ডিসেম্বরে নিয়ম অনুযায়ী চাকুরী কালীন অবসরে যাবার কথা রয়েছে। অবসরে যাবার আগেই নিজের চেয়ার ধরে রাখতে ২৪/০৯/২০২২ ইং তারিখ চুক্তিভিত্তিক নিয়োজনের জন্য আবেদন করেছেন। যেখানে শিল্পমন্ত্রী গত ৯/১০/২২ ইং তারিখে সুপারিশ করেছেন। ফলে তার আবেদনের ফাইলটি উপরের দিকে না গিয়ে নিচের টেবিলে ফেরত এসেছে। এখন সিদ্ধান্ত গ্রহণ করবেন করপোরেশনের ৫ সদস্য বিশিষ্ট বোর্ড। ফলে অনেকের মনেই প্রশ্ন জেগেছে এটা কি আদৌও সম্ভব। আর হলে কোন আইনের বলে ? তবে সবকিছু পরিস্কার হবে ১৪ ডিসেম্বর।

অপর দিকে অনেকেই মন্তব্য করে বলেছেন, একটি রাষ্টিয় প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ পদে চুক্তিভিত্তীক নিয়োগ পাওয়া ব্যাক্তির খুব একটা দায়বদ্ধাতা থাকে না। ফলে প্রতিষ্ঠানের বৃহত্তর কোন ক্ষতি সাধিদ হলে এর ক্ষতিপূরণের দায়ভার বহণ করবে কে ? আর এভাবেই যদি চাকুরীর মেয়াদ বাড়ানো যায় তাহলে অনেকেই হাটবেন এ রাস্তায়। কেউ ছাড়তে চাইবেন না তার জায়গা। বিষয়টি নিয়ে চিনিকল এলাকাই বইছে আলোচনা সমালোচনার ঝড়। এ ব্যাপারে সদরদপ্তরের এক কর্মকর্তার সাথে কথা হলে তিনি নাম প্রকাশ না করার শর্তে বলেন, চাকুরীর মেয়াদ এভাবে বাড়ানো গেলে অনেকেই সফল হতো। যা বিধানে নেই তার পিছনে ছুটা মানে বোকামি ছাড়া আর কিছুই না।

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে ৪দিন ব্যাপী স্কাউটসের কাপ ক্যাম্পুরীর সমাপনী

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে উপজেলা স্কাউটসের ষষ্ঠ কাপ ক্যাম্পুরি-২০২২ সমাপনী অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যায় বন্ডবিল সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্বরে ৪ দিন ব্যাপী এ অনুষ্ঠানের সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

সমাপনী অনুষ্ঠানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ আরাফাত রহমান।

অনুষ্ঠানর প্রধান অতিথি হিসেবে চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের উপস্থিত থাকার কথা থাকলেও চুয়াডাঙ্গাতে বিশেষ সভা থাকার কারণে তিনি আসতে পারেননি।

সভায় বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ রনি আলম নূর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মুস্তাফিজুর রহমান, উপজেলা স্কাউটসের কমিশনার ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, জেলা উস্কাউটস সম্পাদক আব্দুল হান্নান প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু।

স্বাগত বক্তব্য রাখেন উপজেলা স্কাউটসের সাধারণ সম্পাদক প্রধান শিক্ষক নুরুল ইসলাম দীপু। উপজেলা স্কাউটস এর যুগ্ন সম্পাদক ও শিক্ষক সমিতির সভাপতি রেফাউল হকের পরিচালনায় বক্তব্য রাখেন উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আশরাফুল আলম,;যুগ্ম সম্পাদক মোল্লা ফেরদৌস রিজভী, প্রধান শিক্ষক মোঃ মনিরুজ্জামান, মোঃ আবুল কাশেম, মোঃ আব্দুল হান্নান, সরকারি প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, ৪টি সাব ক্যাম্পে নয়টি প্রতিষ্ঠানের ১১৪ জন ছেলে মেয়ে কাপ স্কাউটস হিসাবে অংশগ্রহণ করে।

দামুড়হুদায় অবৈধ ভাবে গড়ে উঠেছে ইটভাটা অবাধে পোড়ানো হচ্ছে কাঠ

দামুড়হুদায় সরকারী নিয়ম-নিতির তোয়াক্কা না করে যত্রতত্র ভাবে গড়ে তোলা হয়েছে ইটভাটা। এসব ভাটায় অবাধে পোড়ানো হচ্ছে কাঠ ও ফসলি জমির মাটি। যেমন পরিবেশ দুষন হচ্ছে, তেমনি বাড়ছে রোগবালাই। এতে করে উজার হচ্ছে বাগান তেমনি উর্বরতা হারাচ্ছে কৃষি জমি, একই ভাবে নষ্ট হচ্ছে সড়ক। এসব ভাটা ঘন বসতি গ্রাম থেকে বেশির ভাগই গড়ে উঠেছে এক থেকে দুই কিলোমিটারের ভিতরে তেমনি তিন ফসলি জমিতে।বেশির ভাগই নেই লাইসেন্স,পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র।

হারাচ্ছে।এসব ভাটা পরিবেশের পাশাপাশি কৃষি জমির ক্ষতি করছে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম বলেন, উপজেলায় ভাটা চালু হওয়ার শুরুতেই অভিযান পরিচালনা করা হয়েছে কয়েকটি ভাটায় জরিমানা করা হয়েছে এবং অভিযান অব্যহত থাকবে।

উল্লেখ্য,১৩ নভেম্বরের পর থেকে ৭ দিনের মধ্যে সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গা জেলার অবৈধ ভাবে নির্মিত হওয়া ইট ভাটার কার্যক্রম ও জ্বালানি হিসেবে ইটভাটার কাঠের ব্যবহারে বন্ধের নির্দেশনা দিলেও ৭ দিন পেরিয়ে মাসের কাছাকাছি আসলেও চুয়াডাঙ্গা জেলাতে আদালতের নির্দেশনা বাস্তবতানের জন্য সংশ্লিষ্টদের তেমন কোন পদক্ষেপ নিতে দেখা যায় নি এখনো পর্যন্ত।ফলে এ উপজেলার অবৈধ ভাটা গুলোতে প্রকাশ্যেই চলছে অবৈধ উপায় অবলম্বন করে ইট পোড়ানোর মহোৎসব।

দর্শনায় ফেনসিডিলসহ দক্ষিণচাঁদপুরের জনি আটক

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩৬বোতল ভারতীয় ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী জনি (৩৩) কে আটক করেছে দর্শনা থানা পুলিশ।সে দর্শনা পৌরসভার দক্ষিণচাঁদপুর গ্রামের ওহাব মিয়ার ছেলে।

জানা গেছে গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে দর্শনা থানা পুলিশ অভিযন চালায় বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া ফার্ম পাড়ার সামনে পাঁকা রাস্তার উপর।দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে, দর্শনা থানার এস আই নীতিশ বিশ্বাস, এ এস আই তুহিন, এ এস আই হাফিজুর রহমান, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় আকন্দবাড়িয়া ফার্ম পাড়ায়।

এ সময় পুলিশ ৩৬বোতল ভারতীয় ফেনসিডিলসহ দক্ষিণচাঁদপুর গ্রামের জনি কে গ্রেফতার করে ।গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গার কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক পরিক্ষার টাকা চুরি

আলমডাঙ্গার কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক পরিক্ষার প্রায় ৪০ হাজার টাকা রহস্যজনক চুরির ঘটনা ঘটেছে। বুধবার দিবাগত রাত ২ টার দিকে স্কুলের তালা ভেঙে লকারে থাকা নগত ৪০ হাজার টাকা চুরি করে নিয়ে যায়। এ ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। তবে, স্কুল কক্ষে ল্যাপটপ রেখে টাকা চুরির ঘটনায় রহস্যজনক ঘটনায় এলাকাজুড়ে চাঞ্চল্যকর সৃষ্টি হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, আলমডাঙ্গা উপজেলার বাড়াদী ইউনিয়নের ঐতিহ্যবাহি স্কুল কাঁটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়। গত ২৮ বছর যাবৎ নাইট গার্ডের চাকুরি করছেন একই এলাকার আব্দুল ওহাব। চলতি বছরের স্কুলে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষার ফ্রি,র টাকা সহকারী শিক্ষক স্কুলের লকারে রেখে যায়।

এদিকে প্রতিদিনের ন্যায় শারীরিক অসুস্থতার জন্য রাত ১ টার দিকে বাড়িতে চলে যায় নাইট গার্ড আব্দুল ওহাব। রাতে বাড়িতে ঘুমিয়ে পড়ে। সকালে স্কুলে ফিরে দেখে স্কুলের অফিস ও শিক্ষক মিলাতায়ন রুমের তালা ভাঙা। ওই রুমে গোপন জায়গায় সহকারী শিক্ষকের স্কুল বার্ষিক পরিক্ষার ৪০ হাজার টাকা চুরি হয়েছে বলে জানাযায়।

এ চুরির ঘটনায় নাইট গার্ড আব্দুল ওহাব জানান, গত ২৮ বছরে এই প্রতিষ্ঠান থেকে একটি গাছের পাতাও চুরি হয়নি। তবে, স্কুলের ওই রুমে কয়েকটা ল্যাপটপ ছিলো স্ব স্থানেই। ল্যাপটপ গুলো চুরি হয়নি। কিন্তু সহকারী শিক্ষকের গোপনীয় টাকা চুরির ঘটনাটি খুবই রহস্যময়।

কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাসুদুল হক মান্নান জানান, সকালে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে স্কুলের রুমের ও লকারের তালাভাঙ্গা দেখতে পায়। লকারে থাকা প্রায় ৪০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করা হয়েছে ।

দামুড়হুদায় ভোক্তা অধিকারের অভিযানে ১৯ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঁঠাল তলায় দুইটি বিস্কুট ফ্যাক্টারিতে অস্বাস্থ্যকর পরিবেশ ও মেয়াদ উত্তীর্ণ আটা ও পাউরুটি রাখার অপরাধে ১৯ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত।

ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন জেলা ভোক্তা অধিকার এর পরিচালক সজল আহাম্মদ। আজ বুধবার বেলা সাড়ে ১২ টার দিকে এই ভ্রাম্যমান আদালতে এই রায় দেন।

ভ্রাম্যমান আদালত সূত্র থেকে জানাযায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠাল তলায় দুইটি বিস্কুট ফ্যাক্টরিতে অস্বাস্থ্যকর পরিবেশ ও মেয়াদ উত্তীর্ণ আটা ও পাউরুটি রাখার অপরাধে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৩৭/৫১ ধারা দোষি সাবস্ত করে জয়রামপুর কাঁঠাল তলায় মা বাবা দোয়া বেকারির মালিককে ১২ হাজার টাকা ও বন্ধু বেকারির মালিককে ৭ হাজার টাকা জরিমানা করেন ভ্র্যাম্যমান আদালত।

এ সময় সহযোগিতা করেন চুয়াডাঙ্গা পুলিশ লাইনের পুলিশ সদস্যরা।

দামুড়হুদায় জাগ্রত জনতার, ছাগল

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদা পাওয়ার ট্রিলার ও মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে নিহত ১

দামুড়হুদায় পাওয়ারট্রিলার মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল চালক বজলুর রহমান (৩৮) নিহত হয়েছে। নিহত বজলুর রহমান দর্শনা থানার বড়শলুয়া গ্রামের মৃত আব্দুর জব্বারের ছেলে। মঙ্গলবার দুপুর ১টার দিকে চুয়াডাঙ্গা-দর্শনা মহাসড়কের ডুগডুগী বাজার নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

ঘটনা স্থালে গিয়ে জানা যায় শেখ ইটভাটার একটি ইটবোঝাই পাওয়ার ট্রিলার দর্শনার দিকে যাচ্ছিল। এসময় বিপরিত দিক থেকে আসা মোটরসাইকেলের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেল চালক বজলুর রহমান পিচ সড়কের উপর ছিটকে পড়লে তার বুকের উপর পাওয়ার ট্রিলার উঠে যায়, এতে ঘটনাস্থলেই সে নিহত হয়। এসময় তার মটরসাইকেলে থাকা হিরা খাতুন (২৮) নামে এক গৃহবধূ মারাত্মক ভাবে আহত হয়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে আহত গৃহবধু ও লাশ উদ্ধার করে। উদ্ধারকৃত গৃহবধূকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত হিরা খাতুন বলেন, আমার চোখে সমস্যা হয়েছে সেজন্য চুয়াডাঙ্গায় চক্ষু হাসপাতালে যাচ্ছিলাম। নিহত বজলুর রহমান আমার সম্পর্কে দাদা হয় সে বললেন আমার সব ডাক্তার পরিচিত আমার সাথে গেলে সিরিয়াল দিতে হবে না, সেজন্য দাদার সাথে চোখের ডাক্তারের কাছে যাচ্ছিলাম।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, লাশ ও ঘাতক পাওয়ার ট্রলি উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। নিহত বজলু রহমানের পরিবারের পক্ষথেকে এবিষয়ে কোন মামলা করবেনা মর্মে লিখিত দেওয়ায় লাশের ময়না তদন্ত না করে পরিবারের কাছে হস্থান্তর করা হয়েছে।

আলমডাঙ্গায় এক রুমে ৫ অপারেশন থিয়েটার, সিলগালা

আলমডাঙ্গার মডার্ণ ডেন্টাল সার্জারীর একই রুমে ৫টি অপারেশন থিয়েটার থাকায় অনির্দিষ্টকালের জন্য সিলগালা করেছে উপজেলা প্রশাসন। (২৬ নভেম্বর) শনিবার বিকেল ৫ টায় আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযান সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর এলাকার দারুস সালাম প্রাঙ্গণের কলেজ মোড়ে অবস্থিত মডার্ণ ডেন্টাল সার্জারী । দীর্ঘদিন যাবৎ মডার্ন ডেন্টাল সার্জারীর চেম্বারে চিকিৎসা সেবা দিচ্ছে ঢাকা ডেন্টাল মেডিকেল হসপিটালের ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক ডা. আব্দুল হান্নান।

গত (২৪ শে নভেম্বর) বৃহস্পতিবার রাতে উপজেলার পাইকপাড়া গ্রামের ব্যাংক কর্মচারীর চিকিৎসার অব্যবস্থাপনার কারণে মৃত্যুর অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা উপজেলা প্রশাসন ও জেলা সিভিল সার্জনের প্রতিনিধি ওই প্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর, জেলা সিভিল সার্জনের প্রতিনিধি চুয়াডাঙ্গা সদর প.প. কর্মকর্তা ডা. আউলিয়ার রহমান, আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প.প. কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ।

অভিযান পরিচালনার সময় এক রুমে ৫টি অপারেশন থিয়েটার থাকার অপরাধে অনির্দিষ্টকালের জন্য অপারেশন থিয়েটার সিলগালা করেছে উপজেলা প্রশাসন।